সড়ক দূর্ঘটনায় মারা গেলেন মা, বেঁচে গেল চার মাসের শিশু

ঝিনাইদহ-মাগুরা মহাসড়কের আলমখালী বাজারের পাশে সড়ক দূর্ঘটনায় নিহত পরিবারের বেচে যাওয়া বাচ্চাটিকে পরিবারের নিকটাত্মীয়ের কাছে বুঝে দেয়া হয়েছে। দুঃখের বিষয় দূর্ঘটনায় বাচ্চাটির মা সহ পরিবারের তিনজন সদস্য নিহত হয়েছে। বাচ্চাটির বাবা গুরতর আহত অবস্থায় মাগুরা সদর হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে।

স্থানীয়রা জানান, সকাল ৭টার দিকে ভ্যান যোগে ঝিনাইদহের দিকে আসছিল একটি পরিবার বিপরীত দিক থেকে ছেড়ে আসা ঢাকা গামী গোল্ডেন লাইনের একটি বাস নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তার খাদে পড়ে যায়। এই ঘটনায় ঘটনাস্থলে ২জন এবং মাগুরা হাসপাতালে নেওয়ার পরে আরোও একজন মারা যায়।

ঘটনাস্থলে চার মাসের শিশুটিকে পড়ে থাকতে দেখে স্থানীয়রা তাকে তুলে খাবার দেয় এবং তার মায়ের পরিচয় খুজতে থাকে পরে জানা গেল শিশু বাচ্চাটির মা মাগুরা হাসপাতালে চিকেৎসাধীন অবস্থায় মারা গেছে, কিন্তু সৌভাগ্যক্রমে ৪ মাসের ছোট্ট শিশুটির কিছুর হয়নি।

পরে বাচ্চাটিকে তার ফুফু সহ পরিবারের অন্য সদস্যদের জিম্মায় বুঝিয়ে দেওয়া হয়েছে। বাচ্চাসহ নিহত প্রত্যেকের বাড়ি মাগুরা সদর উপজেলার হাজরাপুর ইউনিয়নের গৌরিচরনপুর (দক্ষিণপাড়া) গ্রামে।

গাংনীতে সড়ক দূর্ঘটনায় স্কুল ছাত্রের প্রাণহানি

মেহেরপুরের গাংনীতে দ্রুত গতিতে মটরসাইকেল নিয়ন্ত্রণ হারিয়ে প্রাণ হারালো সজিব হোসেন (১৬) নামের এক স্কুল ছাত্র।

সজিব হোসেন গাংনী উপজেলার তেঁতুলবাড়িয়া গ্রামের বর্ডারপাড়া এলাকার ফুলবাস হোসেনের ছেলে ও স্থানীয় তেঁতুলবাড়িয়া ইসলামিয়া

মাধ্যমিক বিদ্যালয়ের দশম শ্রেনীর ছাত্র।

আজ রবিবার (১ ডিসেম্বর) সন্ধ্যা সাতটার দিকে ধলা-তেঁতুলবাড়িয়া সংযোগ সড়কের মাঠের মাঝখানে এই দুর্ঘটনা ঘটে।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বানী ইসরাইল এই তথ্য নিশ্চিত করেছেন।

স্থানীয়দের বরাত দিয়ে ওসি বানী ইসরাইল বলেন, নিহত সজিব হোসেন ধলা গ্রাম থেকে মেসিনের খুচরা যন্ত্রাংশ কিনে মোটরসাইকেল যোগে নিজ গ্রাম তেঁতুলবাড়িয়াতে ফিরছিলেন। গতি বেশী থাকায় দুর্ঘটনাকবলিত এলাকায় গিয়ে মোটরসাইকেলের নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তার পাশে একটি গাছের সাথে ধাক্কা খেয়ে ছিটকে পড়ে। স্থানীয়রা তাকে গুরুতর অবস্থায় উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিলে কর্তব্যরত চিকিৎসক তাঁকে মৃতু ঘোষণা করেন।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আবাসিক মেডিকেল অফিসার চিকিৎসক সীমা বিশ্বাস জানান, নিহতকে হাসপাতালে আনার আগেই মারা গেছে। অতিরিক্ত রক্ত ক্ষরণে তার মৃত্যু হয়েছে বলে জানান তিনি। নিহতের মরদেহ থানায় নেওয়া হয়েছে।

গাংনীতে সড়ক দূর্ঘটনায় স্কুল ছাত্র নি*হত

নানার বাড়িতে এসএসসি পাশের মিষ্টি দিয়ে বাড়ি ফেরা হলোনা জান্নাতুজ্জামান চঞ্চলের (১৬)। মিষ্টি দিয়ে বাড়ি ফেরার সময় পথেই হলো নিথর।

নিহত জান্নাতুজ্জামান চঞ্চল (১৫) গাংনী উপজেলা চৌগাছা মোল্লাপাড়া গ্রামের রকিবুজ্জামানের ছেলে ও সন্ধানী স্কুল এন্ড কলেজের ছাত্র। জান্নাতুজ্জামান চঞ্চল ২০২৪ সালে এসএসসি পরীক্ষা দিয়ে পাশ করেছে। তার ফলাফল জিপিএ ৪.৩৩।

আজ সোমবার (১৩ এপ্রিল) বিকাল ৪ টার দিকে গাংনী-কাথুলি সড়কের

ভাটপাড়া ডিসি ইকোপার্কের নিকট ট্রাকের ধাক্কায় নিহত হয় সে।

নিহতের বাবা রাকিবুজ্জামান জানান, গতকাল ছেলে এসএসসি পাশের ফলাফল পেয়েছে। তারা নানীবাড়ি ধলা গ্রামে পরীক্ষার ফলাফলের মিষ্টি দিতে গেছিল।

নিহতের বন্ধু আলিফ জানান, ইজিবাইকে চড়ে আমরা নওপাড়া থেকে গাংনী আসছিলাম। পেছন থেকে একটি দ্রুতগামী ট্রাক ধাক্কা দিলে রাস্তার উপর ছিটকে পড়ে অটোর ৪ যাত্রী। মূমূর্ষ অব্স্থায় তাকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে এলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃতু ঘোষণা করেন।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরি বিভাগে কর্মরত চিকিৎসক সুমাইয়া আক্তার জানান, হাসপাতালে আনার আগেই সে মারা গেছে। তার মাথায় আঘাত লাগায় প্রচন্ড রক্তক্ষরণে তার মৃতু হয়।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো: তাজুল ইসলাম এই তথ্য নিশ্চিত করেছেন। তিনি জানান, নিহতের মরদেহ উদ্ধারে পুলিশ হাসপাতালে পৌছেছে। ঘটনার পরপরই ঘাতক ট্রাকটি পালিয়ে গেছে।

চুয়াডাঙ্গায় সড়ক দূর্ঘটনায় সাবেক ইউপি চেয়ারম্যান নিহত

দামুড়হুদা উপজেলার দর্শনায় সড়ক দুর্ঘটনায় উপজেলার কার্পাসডাঙ্গা ইউনিয়নের ২ বারের সাবেক চেয়ারম্যান ও কার্পাসডাঙ্গা ইউনিয়ন বিএনপির সাবেক সভাপতি নিহত হয়েছে।

বুধবার(১৪ ফেব্রুয়ারী) বিকাল সাড়ে ৩ টার দিকে দর্শনা -মুজিবনগর সড়কের দর্শনা পৌরসভার রামনগর মোড়ে এ দুর্ঘটনা ঘটেছে। তিনি উপজেলার আরামডাঙ্গা গ্রামের আহমেদ আলী মন্ডলের বড় ছেলে। মৃত্যু কালে তার বয়স হয়েছিল ৭৫ বছর।

প্রত্যক্ষদর্শীরা জানায়, মোটরসাইকেলযোগে কার্পাসডাঙ্গার আরামডাঙ্গার নিজবাড়ি হতে দর্শনায় যাবার পথে উপজেলার দর্শনা

পৌরসভার রামনগর মোড়ে পৌছালে মোটরসাইকেল নিয়ন্ত্রন হারিয়ে রাস্তার ধারের একটি বিল্ডিংয়ের সাথে সজোরে ধাক্কা মারলে মোটরসাইকেল থেকে ছিটকে রাস্তায় পড়ে যায়। স্থানীয় লোকজন ছুটে এসে দ্রুত উদ্ধার করে তাকে দর্শনা মুক্তি ক্লিনিকে নিলে কর্তব্যরত চিকিৎসক পরীক্ষা নিরীক্ষা শেষে তাকে মৃত্যু ঘোষণা করেন।

মোটরসাইকেল চালানো অবস্থায় স্টোক করেছে বলে ধারণা করা হচ্ছে। পরে চেয়ারম্যানের পরিবারের সদস্যরা এসে লাশ নিজ বাড়িতে নিয়ে যায়। তিনি কার্পাসডাঙ্গা ইউপি দুই দুই বারের ইউপি সদস্য ও কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের ১৯৯২ ও ২০১১ সালে নির্বাচিত চেয়ারম্যান হিসাবে দায়িত্ব পালন করেন।

এ বিষয়ে দর্শনা থানার ওসি বিপ্লব কুমার সাহা বলেন,দর্শনা রামনগর গ্রামে একটি দেওয়ালে ধাক্কা লেগে তার মৃত্য হয়।বর্তমানে তার লাশ গ্রামের বাড়িতে পাঠিয়ে দেওয়া হয়েছে।তবে দৃর্ঘটনা কবলিত মোটরসাইকেলটি থানা হেফাজতে আছে।

মেহেরপুরে সড়ক দূর্ঘটনায় মোটরসাইকেল আরোহী নি*হত

মেহেরপুরের কাথুলি সড়কে মোটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষে রুহুল আমিন মোটরসাইকেল আরোহী (৫০) নিহত হয়েছে।

আজ মঙ্গলবার বিকেল ৪ টার সময় কাথুলি সড়কের ফতেয়পুরে ইটভাটার সামনে এ দূর্ঘটনা ঘটে। নিহত রুহুল আমিন শোলমারী গ্রামের পাঠান পাড়ার সাবেক ইউপি চেয়ারম্যান মৃত চাঁদ আলীর ছেলে।

স্থানীয় জানায়, রুহুল আমিন মেহেরপুর থেকে শোলমারী যাবার সময় বিপরিত দিক থেকে আশা মোটরসাইকেল আরোহীর সাথে ফতেয়পুরে ইটভাটার সামনে মুখোমুখি ধাক্কা মারে। এসময় রুহুল আমিন গুরুত্বর আহত হয়। তাকে আহত অবস্থায় আমরা উদ্ধার করে মেহেরপুর জেনালের হাসপাতালে পাঠায়।

মেহেরপুর জেনালের হাসপাতালের কর্তব্যরত চিকিৎসক তাকে দেখে মৃত ঘোষনা করে।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সেখ কনি মিয়া জানান, স্থানীয়দের মাধ্যমে আমরা খবর পায় ফতেয়পুরে একটি দূর্ঘটনার ঘটেছে। তবে পরিবার পক্ষ থেকে আমরা কোন অভিযোগ পায়নি। পাইলে আইনগত ব্যবস্থা নেয়া হবে।

চুয়াডাঙ্গায় সড়ক দূর্ঘটনা নববধুর সামনে স্বামীর মৃত্য আহত ২

চুয়াডাঙ্গায় নববধূকে সাথে নিয়ে মটরসাইকেলে ঘুরতে বেরিয়ে সড়ক দূর্ঘটনায় স্বামী শামীম হোসেন (২২) নামের এক ব্যাক্তির মর্মান্তিক মৃত্যু হয়েছে।

বৃহস্পতিবার রাতে দর্শনা হিজলগাড়ি-গড়াইটুপি সড়কে এ মর্মান্তিক দূর্ঘটনাটি ঘটে। এ দূর্ঘটনায় স্ত্রী সোনিয়া খাতুন ও শালাজি বৌ সেলিনা খাতুন আহত হয়েছে।

জানাগেছে, চুয়াডাঙ্গা সদর উপজেলার বেগমপুর ইউনিয়নের ফুরশেদপুর গ্রামের মৃত শফি উদ্দিনের ছেলে শামীম হোসেন (২২) একই উপজেলার তিতুদহ ইউনিয়নের বলদিয়া বিশ্বাস পাড়ার মনিরুল ইসলামের মেয়ে সোনিয়া খাতুনের (১৮) সাথে গত শুক্রবার পারিবারিকভাবে বিবাহ হয়।

এ বিয়ের পর শামীম হোসেন নববধূকে সাথে নিয়ে শ্বশুর বাড়ি দশবদনে যায়। গতকাল বৃহস্পতিবার রাত পৌনে ৮টার দিকে শামীম মটরসাইকেলে স্ত্রী ও শ্যালকের বৌকে নিয়ে ঘুরতে বের হয় শামীম।

এসময় বলদিয়া হতে হিজলগাড়ি অভিমুখে আসার পথে সড়কে হিজলগাড়ি কেরুজ ব্যাণিজ্যিক খামারের সামনে পৌছালে একটি কুকুরের সাথে মটরসাইকেলের ধাক্কা লাগে। এতে মোটরসাইকেলের নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তার পাশে থাকা গাছের সাথে ধাক্কা লেগে ছিটকে পড়ে গুরুতর আহত

হয়।

এসময় আশেপাশের লোকজন আহতদেরকে উদ্ধার করে চুয়াডাঙ্গা হাসপাতালে নেয়। সেখানে নেওয়ার পর হাসপাতালের কর্তব্য চিকিৎসক পরীক্ষা- নিরীক্ষা শেষে শামীম হোসেনকে মৃত ঘোষণা করে। মৃত শামীম হোসেনের লাশ চুয়াডাঙ্গা হাসপাতালে রাখা হয়েছে। সেই সাথে আহত স্ত্রী সোনিয়া খাতুন (১৮) ও শ্যালাজির স্ত্রী সেলিনা খাতুনকে
(২২) হাসপাতালে ভর্তি রয়েছে।

এদিকে শামীমের অকাল মৃত্যুতে পিতা ও শ্বশুর বাড়ির গ্রামে বইছে শোকের মাতন।

চুয়াডাঙ্গায় সড়ক দূর্ঘটনায় দুজন নিহতের বাড়ি মেহেরপুর

চুয়াডাঙ্গা সদর উপজেলার আলুকদিয়ায় গভীর রাতে গরু বোঝায় ট্রাক নিয়ন্ত্রণ হারিয়ে গাছে ধাক্কার ঘটনা ঘটেছে। এতে ট্রাকের উপরে এবং ভিতরে থাকা চারজনের মধ্যে দুজন নিহত হয়েছেন। আহত হয়েছেন আরও দুজন। তাদেরকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি করা হয়েছে। এসময় ট্রাকে থাকা ১৯ গরুর মধ্যে ৭টি গরু ঘটনাস্থলে মৃত্যু হয়।

বৃহস্পতিবার (০৩ অক্টোবর) দিবাগত রাত ৩ টার দিকে চুয়াডাঙ্গা- মেহেরপুর আঞ্চলিক সড়কের আলুকদিয়া বিশ্বাস ফিলিং স্টেশনের (তেলপাম্প) নিকট এ দূর্ঘটনা ঘটে।

নিহতরা হলেন, মেহেরপুর জেলার রায়পুর গ্রামের লুৎফরের ছেলে আশরাফুল হক (৫০) ও একই জেলার বাসস্ট্যান্ডপাড়ার হারুন উর রশিদের ছেলে মনির হোসেন (৪৫)।

আহতরা হলেন, একই জেলার রায়পুর গ্রামের নিজাম শেখের ছেলে কালাম
(৪০) ও জেলার শহরের খন্দকারপাড়ার জহিরের ছেলে মিনারুল ইসলাম (৪১)।

বিষয়টি নিশ্চিত করেছেন চুয়াডাঙ্গা ফায়ার সার্ভিস ও সিভিল ডিভেন্সের উপ-সহকারী পরিচালক মোঃ রফিকুজ্জামান।

তিনি বলেন, খবর পেয়ে ঘটনাস্থলে পৌছে ট্রাকের আংশিক অংশ কেটে একজনের মরদেহ উদ্ধার করা হয়েছ্বে। তিনজনকে জীবিত অবস্থায় উদ্ধার করে সদর হাসপাতালে পাঠানো হয়েছে। ট্রাকে ১৯ টি গরুর মধ্যে ৭টি গরু ঘটনাস্থলেই মৃত্যু হয়েছে।

তিনি আরও বলেন, ট্রাকটি মেহেরপুর যাচ্ছিল। ট্রাকটি হেলপার চালাচ্ছিল বলে জেনেছি। ধারণা করা হচ্ছে চালকের ঘুমের ঝিমকি আসায় নিয়ন্ত্রণ হারিয়ে সড়কের পাশে থাকা একটি গাছ ভেঙ্গে ট্রাকের মধ্যে ঢুকে পড়লে এদূর্ঘটনা ঘটে।

পুলিশ জানায়, বরিশাল থেকে ছেড়ে আসা গরুবোঝায় একটি ট্রাক মেহেরপুর যাচ্ছিল। পথিমধ্যে চুয়াডাঙ্গার আলুকদিয়া তেলপাম্পের নিকট নিয়ন্ত্রণ হারিয়ে সড়কের পাশে থাকা গাছে ধাক্কা লাগে। এতে গাছ ট্রাকের মধ্যে ঢুকে পড়লে চালক ও হেলপার আটকা পড়েন। ট্রাকের উপরে থাকা এক গরু ব্যাপারি আশরাফুল ঘটনাস্থলে নিহত হয়। খবর পেয়ে পুলিশ ও ফায়ার সার্ভিসের কর্মীদের যৌথ উদ্যোগে ট্রাকের ইঞ্জিনের আংশিক অংশ কেটে জীবিত অবস্থায় তিনজনকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে পাঠানো হয়।কিছুক্ষন পর চিকিৎসাধীন অবস্থায় মনির হোসেন নামে আরও একজনের মৃত্যু হয়।

চুয়াডাঙ্গা সদর হাসপাতালের জরুরি বিভাগের কর্তব্যরত চিকিৎসক ডা. লিওন বলেন, হাসপাতালে আসার আগেই আশরাফুলের মৃত্যু হয়েছে। আহত ৩ জনের মধ্যে চিকিৎসারত অবস্থায় মনির হোসেনকে মৃত ঘোষনা করা হয়। বাকি দুজন শঙ্কামুক্ত। তাদেরকে ভর্তি রেখে চিকিৎসা দেয়া হচ্ছে।

চুয়াডাঙ্গা সদর থানা পুলিশের পরিদর্শক (অপারেশন) নিরব হোসেন বলেন, বরিশাল থেকে গরুবোঝায় ট্রাকটি মেহেরপুরে যাচ্ছিল। চুয়াডাঙ্গার আলুকদিয়া তেলপাম্পের নিকট নিয়ন্ত্রণ হারিয়ে গাছে ধাক্কা লেগে ঘটনাস্থলেই একজন মারা যায়। পুলিশ এবং ফায়ার সার্ভিসের কর্মীরা ট্রাকের ইঞ্জিন কেটে আটকা পড়া চালকসহ জীবিত অবস্থায় তিনজনকে উদ্ধার করে হাসপাতালে পাঠানো হয়। সেখানে চিকিৎসাধীন অবস্থায় আরও একজনের মৃত্যু হয়।

তিনি আরও বলেন, স্থানীয় লোকজনের ভাষ্যমতে চালকের পরিবর্তে হেলপার ট্রাকটি চালাচ্ছিলেন। ঘুমের ভাব আসার কারণেই এঘটনা ঘটেছে। ট্রাকে ১৯-২০ টা গরুর মধ্যে ৭ টা গরু ঘটনাস্থলেই মারা যায়। বাকি

গরুগুলো মারাত্মক আহত হয়েছে। বিষয়টি আইনি প্রক্রিয়াধীন।

চুয়াডাঙ্গায় সড়ক দূর্ঘটনায় মা নিহত, পুত্রসন্তান আহত

চুয়াডাঙ্গায় ট্রাকের ধাক্কায় মোটরসাইকেল আরোহী মা শিরিনা খাতুন
(৩০) নিহত ও পুত্রসন্তান সোয়াদ আলী (১ বছর) আহত হয়েছে। আজ রবিবার বেলা ৩টার সদর উপজেলার সরোজগঞ্জ এলাকায় এ দূর্ঘটনা ঘটে। নিহত শিরিনা খাতুন সদর উপজেলা হোগলডাঙ্গা গ্রামের সলক আলীর স্ত্রী।

স্থানীয়রা জানায়, হোগলডাঙ্গা গ্রামের সলক আলী স্ত্রী শিরিনা ও পুত্রসন্তান সোয়াদকে মোটরসাইকেলে নিয়ে চুয়াডাঙ্গার দিক থেকে সরোজগঞ্জের দিকে যাচ্ছিল। এসময় পেছন দিক থেকে আসা একটি দ্রতগামি ট্রাকের ধাক্কায় মাটিতে পড়ে যায় শিরিনা ও সোয়াদ। ট্রাকের চাকায় মা ও সন্তান দুজনই হতাহত হন। চাকায় পিস্ট হয়ে শিরিনার পুরো শরীর থেতলে যায়। এতে ঘটনাস্থলে শিরিনা মারা যান। আহত পুত্রসন্তানকে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি করা হয়েছে। এ দূর্ঘটনায় স্বামী সলক আলী সুস্থ আছেন।

চুয়াডাঙ্গা সদর হাসপাতালের জরুরি বিভাগের চিকিৎসক ডা. জুবাইদা জামাল জয়া জানান, আহত পুত্রসন্তান চিকিৎসকের পর্যবেক্ষণে আছে। নিহত শিরিনার লাশ চুয়াডাঙ্গা সদর হাসপাতালের হিমঘরে রাখা হয়েছে। লাশ ময়না তদন্তের জন্য প্রক্রিয়াধীন আছে।

মেহেরপুরে সড়ক দূর্ঘটনায় টিভি

চ্যানেলের ৩ সাংবাদিক আহত

গাংনী উপজেলার কাজিপুর আলম বাজার এলাকায় সড়ক দূর্ঘটনায় বেসরকারি ২ টেলিভিশন চ্যানেলের তিন সাংবাদিক মারাত্বক আহত হয়েছেন।

আহতরা হলেন, বেসরকারি টিভি চ্যানেল মাছরাঙা টেলিভিশনের মেহেরপুর জেলা প্রতিনিধি বেন ইয়ামিন মুক্ত, চ্যানেল টোয়েন্টিফোরের স্টাফ রিপোর্টার রাশেদুজ্জামান ও তার ক্যামেরা পার্সন মোহা: বিপ্লব।

আজ বুধবার (১২ অক্টোবর) দুপুরের দিকে বামন্দী-কাজিপুর সড়কের আলম বাজার এলাকায় এই দূর্ঘটনা ঘটে।

আহত রাশেদুজ্জামান বলেন, কাজিপুর এলাকায় পেশাগত দায়ীত্ব পালন শেষে মোটরসাইকেল যোগে ফিরছিলাম। আলম বাজারে পৌছানো মাত্রই একটি ছাগল মোটরসাইকেলের সামনে এসে পড়লে আমরা সকলেই রাস্তার উপরে ছিটকে পড়ি। পরে স্থানীয়রা আমাদের উদ্ধার করে বামন্দীর হুদা ক্লিনিকে নিয়ে আসনে।

তিনি জানান, সাংবাদিক বেন ইয়ামিন মুক্ত’র বেশ কয়েক স্থানে কেঁটে ছিড়ে গেছে। সকলেরই হাত ও পাসহ বিভিন্ন স্থানে ক্ষত হয়েছে। চিকিৎসা নিয়ে বর্তমানে বাসাতে ফিরেছেন তারা।